অগ্রাধিকার ও উদ্দেশ্যসমূহ; খাবারের মান, রান্নার পরিবেশ, পণ্যের মান, পরিবেশনা, পরিবেশনকারীর ও অবকাঠামোগত পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ কিছু বিষয় বিবেচনায় নিয়ে এই গ্রেডিং করা হয়েছে। মূলত নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার পদ্ধতির ব্যবহার ও ইনোভেটিভ আইডিয়ার অংশ হিসেবে এ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এর ফলে রেস্টুরেন্ট সমূহে একটি দীর্ঘমেয়াদী পরিবর্তন সাধিত হবে।

ব্যবহৃত সৃজনশীল পদ্ধতিসমূহ; খাবারের মান, বিশুদ্ধতা, পরিবেশ, ডেকোরেশন, মনিটরে রান্নাঘরের পরিবেশ দেখা যাওয়ার ব্যবস্থা ও খাদ্য স্থাপনায় কর্মরত কর্মীদের স্বাস্থ্য বিধান মানা সংক্রান্ত বিষয়ের ভিত্তিতে রেস্তোরাঁগুলোকে চার ক্যাটাগরিতে চিহ্নিত করা হয়েছে। মান নির্দেশক সূচকের বিচারে ৯০ নম্বরের বেশি স্কোর হলে সবুজ বর্ণের স্টিকার 'এ+', স্কোর ৮০ এর বেশি হলে নীল বর্ণের স্টিকার বা 'এ', ৫৫ থেকে ৭৯ পর্যন্ত

স্কোর হলে হলুদ বর্ণের ‘বি’ এবং ৪৫ থেকে ৫৫ স্কোর হলে কমলা বর্ণের ‘সি’ ক্যাটাগরি করা হয়েছে। ‘এ’ প্লাসের মানে হচ্ছে **রেঁস্তোরাটি** উত্তম, এ মানে ভালো। আর ‘বি’ মানে গড়পড়তা ভালো এবং ‘সি’ মানে গ্রেড পেন্ডিং।

বর্তমান সরকারের অঙ্গীকার “পুষ্টিসম্মত ও নিরাপদ খাদ্যের নিশ্চয়তা”। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন মানসম্মত খাদ্যের সঙ্গে সম্পর্কযুক্ত। এসডিজির লক্ষ্যমাত্রা অনুযায়ী খাদ্য নিরাপদতা ও সুস্বাস্থ্যের জন্য আমাদের নিরাপদ খাদ্য নিশ্চিত করা জরুরী বিধায় মাননীয় প্রধানমন্ত্রীর এ অঙ্গীকার বাস্তবায়নের জন্য অংশ হিসেবে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা পদ্ধতিতে এ কার্যক্রম দেশব্যাপী তা ছড়িয়ে দেয়ার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর ফলে ভোক্তাগণ সরাসরি উপকৃত হবেন।

ছবি ; মাননীয় মন্ত্রী , খাদ্য মন্ত্রণালয় কর্তৃক হোটেল রেস্তোরাঁয় গ্রেডিং পদ্ধতি প্রবর্তন কর্মসূচির উদ্বোধন

উদ্ভাবনী উদ্যোগ-০৯

লাইসেন্স প্রদান সহজীকরণের মাধ্যমে খাদ্যশস্য ব্যবসায়ীদেরলাইসেন্স গ্রহণে উদ্বুদ্ধকরণ ও বাস্তবায়ন

কীভাবেযাত্রাশুরু/ পটভূমি:

মন্ত্রী পরিষদ বিভাগ ও মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রোগ্রামের যৌথ উদ্যোগে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির অংশ হিসেবে ‘নাগরিক সেবায় উদ্ভাবন’ শীর্ষক প্রশিক্ষণ শেষে ‘ লাইসেন্স প্রদান সহজীকরণের মাধ্যমে খাদ্যশস্য ব্যবসায়ীদের লাইসেন্স গ্রহনে উদ্বুদ্ধকরণ ও বাস্তবায়ন’ উদ্ভাবনী আইডিয়া শিরোনামে প্রকল্প ডিজাইন করি এবং এটি খাদ্য মন্ত্রনালয়ের অতিরিক্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২৪/১২/২০১৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় উপস্থাপন করি। অতঃপর সকলের মতামত ও সুপারিশের আলোকে অধিকতর সংশোধন পূর্বক নীলফামারীর ডোমার উপজেলায় পাইলট প্রকল্পের কার্যক্রম শুরু করি। সরেজমিন জরিপ চালিয়ে ৮০জন খুচরা/পাইকারী ব্যবসায়ীকে ফুড গ্রেইন লাইসেন্স এর

আওতায় নিয়ে আসার জন্য কাজ শুরু করি। পাইলট প্রকল্প হিসেবে নীলফামারী জেলার ডোমার উপজেলার ৮০ জন মিলার এবং খুচরা/পাইকারী খাদ্যশস্য ব্যবসায়ীকে লাইসেন্সের আওতায় নিয়ে আসার লক্ষ্যে গত ০১/০৯/২০১৫ খ্রিঃ তারিখ হতে কার্যক্রম শুরু করি। শুরুতেই আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর মহোদয়ের সাথে আলোচনা করে তাঁর সুচিন্তিত মতামত ও পরামর্শ অনুযায়ী পাইলটিং এর কার্যক্রম আরম্ভ করি। এরপর বিষয়টি জেলা প্রশাসক মহোদয়, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ, জেলা ইনোভেশন অফিসার, উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, চেম্বার অব কমার্স, আড়ৎদার, ব্যবসায়ী সমিতি ও উপজেলা চালকল মালিক সমিতিকে অবহিত করি।
কাজটি শুরু করার প্রথমদিকে যেটা চোখে পড়ে সেটি হলো লাইসেন্স নিতে হবে এ বিষয়ে লাইসেন্স গ্রহীতার অজ্ঞতা, সচেতনতার অভাব, তথ্য সহজলভ্য না হওয়া, টিআই এস সার্টিফিকেট প্রদান, ট্রেড লাইনেন্স প্রদান, লাইসেন্স পেতে হয়রানী, যথাযথ তদারকির অভাব, লাইসেন্স ফি এর উপর ভ্যাট আরোপের বিধান থাকা, লাইসেন্স রিনিউ করার জন্য লাইসেন্সের মেয়াদ শেষে নির্দিষ্ট সময়ের বিধান না রাখা এবং জরিমানা প্রদান সাপেক্ষে লাইসেন্স রিনিউ করার সুযোগ না থাকা ও লাইসেন্সের শর্তসমুহ যুগপোযোগী না থাকা। এসব চ্যালেঞ্জ নিয়ে শুরু করি কিভাবে লাইসেন্স প্রদান প্রক্রিয়াকে আরো সহজ ও ব্যবসায়ীদের কাছে গ্রহণযোগ্য করে তুলা যায়।

পরিবর্তনের শুরুর কথা অথবা এই উদ্যোগ কী কল্যাণ বয়ে এনেছে;

নিম্নস্বাক্ষকারীর বর্তমান কর্মস্থল নীলফামারী জেলার ডোমার উপজেলার শতভাগ মিল মালিক ও খাদ্যশস্য ব্যবসায়ীকে লাইসেন্স প্রদান সহজীকরণের মাধ্যমে তাদেরকে লাইসেন্স এর আওতায় নিয়ে আসার জন্য পাইলট প্রকল্প গ্রহণ করি। প্রাথমিকভাবে খাদ্যশস্য ব্যবসায়ীদের নাম, ঠিকানা ও মোবাইল নম্বরসহ তালিকা সংগ্রহ করে লাইসেন্স গ্রহণ করার জন্য পত্র প্রেরণের পাশাপাশি মোবাইলে ক্ষুদে বার্তা পাঠানো হয়। লাইসেন্স গ্রহণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র ও সরকার নির্ধারিত ফিস এর পরিমান, ফিস জমা প্রদানের কোড নম্বর জানিয়ে দেয়া হয়। এ সময় লাইন্সে প্রদান সহজ করার জন্য একটি প্রসেস ম্যাপ তৈরি করি। নতুন ম্যাপ অনুযায়ী ব্যবসায়ী লাইসেন্সের জন্য টাকা জমার চালানের কপি, জাতীয় পরিচয়পত্রের কপি ও দুই কপি পাসপোর্ট সাইজের ছবি দিলেই সাথে সাথে লাইসেন্স প্রস্তুত করে দ্রুততম সময়ের মধ্যে ব্যাসায়ীকে প্রদান করা হয়।

ব্যবসায়ীদের সচেতন করতে লাইসেন্স গ্রহণের জন্য সরকারি যে সকল আইন কানুন রয়েছে তা ডিজিটাল ব্যানার ও ফেস্টুনে দর্শনীয় স্থানে টাঙ্গিয়ে দেয়া হয়। এছাড়াও লাইসেন্স গ্রহনে উদ্বুদ্ধকরণে প্রচার প্রচারনার অংশ হিসেবে মাইকিংকরাসহ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের মোবাইল নম্বর সংবলিত বিভিন্ন ধরনের লিফলেট, পুস্তিকা বিতরণ করা হয়। ব্যবসায়ীরা ফিস সরকারি কোষাগারে (চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকের যে কোন শাখায়) জমা দেয়ার পর চালানের কপি জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়স্ত্রক বরাবর জমা দিলে জরুরী ভিত্তিতে লাইসেন্স প্রদানের দাপ্তরিক প্রক্রিয়া সম্পন্ন করি। লাইসেন্স প্রস্তুত হলে সঙ্গে সঙ্গে ব্যবসায়ীর সেলফোনে এসএমএস প্রদান করে জানিয়ে দেয়া হয় আপনার লাইসেন্স প্রস্তুত । অফিস চলাকালীন যে কোন সময় লাইসেন্স গ্রহণ করতে পারবেন।

লাইসেন্স চুড়ান্ত হওয়ার ৭ দিনের মধ্যে যদি উপকারভোগী লাইসেন্স গ্রহণ না করতে আসেন তাহলে রেজিষ্টার ডাকযোগে/ব্যবসায়ীর ব্যবসা প্রতিষ্ঠানে গিয়ে লাইসেন্স প্রদান করি। তাছাড়া উন্নয়ন মেলায়ও ওয়ানস্টপ সার্ভিসের মাধ্যমে খাদ্যশস্য ব্যবায়ীকে লাইসেন্স দেয়া হয়। ব্যবসায়ীরা ধীরে ধীরে উপলব্ধি করেন যে, তারা ন্যূন্যতম হয়রানি ছাড়া খুব সহজে লাইসেন্স নিতে পারছেন। এ ভাবে ধীরে ধীরে ডোমারের সকল খাদ্যশস্য ব্যবসায়ী ফুডগ্রেইন লাইসেন্স নিয়ে ব্যবসা পরিচালনা করছেন।প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরাও লাইসেন্স সহজীকরণের বিষয়টি নিয়ে বিভিন্ন প্রবিবেদন তৈরি করে আমাদের উৎসাহ যুগিয়েছেন। উক্ত প্রক্রিয়ার মধ্য দিয়ে শুরু থেকে শেষ পর্যন্ত কাজ করায় প্রকল্পটি

সফলভাবে সম্পন্ন করতে সক্ষম হয়েছি। পাইলট প্রকল্পটি সফলভাবে সম্পন্ন করতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক মহোদয়, জেলা প্রশাসক মহোদয়, ডোমার উপজেলা প্রশাসন এবং ইনোভেশন টিমের প্রতিটি সদস্যের সার্বিক সহযোগিতা পেয়েছি।

উপকার ভোগী বা অংশীজনের প্রতিক্রিয়া/অনুভূতি;

শুরুতে উপকারভোগীরা যেখানে লাইসেন্সইনিতে অপরাগতা প্রকাশ করেছেন সেখানে একটি সময় তারাই আবার লাইসেন্স নিতে আগ্রহী হয়েছেন। এর মূল কারণ লাইসেন্স প্রদান পদ্ধতি সহজীকরণ এবং ব্যবসায়ীর দরজায় গিয়ে লাইসেন্স পৌঁছে দেয়া। উপকারভোগীরা ঘরে বসে লাইসেন্স পেয়ে যারপরনাই খুশী। অনেক ব্যবসায়ী ধন্যবাদ দেয়ার জন্য আমার অফিসে ছুটে এসেছেন। ডোমার উপজেলার মেসার্স এসএম এন্টারপ্রাইজের সত্ত্বাধিকারী পাইকারী খাদ্যশস্য ব্যবসায়ী মোঃ সফিয়ার অনুভূতি ব্যক্ত করতে গিয়ে বলেন,আগে লাইসেন্স নেয়ার বিষয়টি জানলেও আমরা হয়রানির ভয়ে অফিসে যেতাম না। অনেক পেপারসের কথা বলত। আমাদের অনেকেরই সকল পেপারস না থাকায় লাইসেন্স পেতাম না। বর্তমান জেলা খাদ্য নিয়ন্ত্রক মহোদয়ের সার্বিক সহযোগিতা ও লাইসেন্স এর নিয়মকানুন সহজ করায় আমরা হয়রানি ছাড়াই লাইসেন্স পেয়েছি। তবে আমাদের ব্যবসায়ীদের একটি দাবি আছে। সেটি হলো লাইসেন্স ফি এর উপর যে ১৫% ভ্যাট দিতে হয় তা যেন তুলে দেয়া হয়। তাহলে আমার বিশ্বাস শতভাগ ব্যবসায়ী লাইসেন্স নিয়ে ব্যবসা করবে। এতে সরকারও রাজস্ব পাবে এবং আমরাও লাইসেন্স নিতে আগ্রহী হব।

ডোমার উপজেলার বোড়াগাড়ী ইউনিয়নের মেসার্স আখি ভ্যারাইটিসের সত্ত্বাধিকারী মোঃ নূরনবী বলেন, এতসহজে, অফিসে না গিয়ে খাদ্যশস্য লাইসেন্স পাব তা স্বপ্নেও কল্পনা করিনি। আমি চালান জমা দেয়ার একদিন পর আমার মোবাইলে এসএমএস আসে যে আপনার লাইসেন্স প্রস্তুত। আমি গিয়ে লাইসেন্স নিয়ে আসি। এভাবে লাইসেন্স পাওয়ায় আমি খুব খুশি।

প্রচারের জন্য প্রস্তুতকৃত ব্যানার







রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৫, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়
খাদ্য বিভাগ
আদেশ
তারিখ, ৪ মে ২০১১/২১ বৈশাখ ১৪১৮

এস. আর. ও. নং ১১২-আইন/২০১১ Control of Essential Commodities Act, 1956 (Act No. 1 of 1956) এর section 3 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার খাদ্যশস্য ও খাদ্য সামগ্রী ব্যবসার লাইসেন্স ফী সংক্রান্ত পূর্বের সকল আদেশ বাতিলক্রমে বিভিন্ন প্রকার খাদ্যশস্য ও খাদ্য সামগ্রী ব্যবসার নূতন লাইসেন্স গ্রহণ, নবায়ন ও ডুপ্লিকেট কপির জন্য নিম্নরূপ ফী ও লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ নির্ধারণ করিল, যথা ঃ-

ক্রমিক নং	খাদ্যশস্য ও খাদ্যসামগ্রী ব্যবসার শ্রেণী	নূতন লাইসেন্স ফী (টাকা)	নবায়ন ফী (টাকা)	ডুপ্লিকেট লাইসেন্স ফী	লাইসেন্স প্রদান, নবায়নকারী/ডুপ্লিকেট লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫	৬
(১)	আমদানীকারক	১০,০০০/- (দশ হাজার)	৫,০০০/- (পাঁচ হাজার)	নূতন লাইসেন্স ফী'র ২০% =২০০০/- (দুই হাজার)	প্রধান নিয়ন্ত্রক ঢাকা রেশনিং, ঢাকা/জেলা খাদ্য নিয়ন্ত্রক।



(৩৯৮৩)

৩৯৮৪ বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, মে ৫, ২০১১

১	২	৩	৪	৫	৬
(২)	পাইকারী ব্যবসায়ী ও আড়তদার	৫,০০০/- (পাঁচ হাজার)	২,৫০০/- (দুই হাজার পাঁচশত)	নূতন লাইসেন্স ফী'র ২০%= ১০০০/- (এক হাজার)	প্রধান নিয়ন্ত্রক ঢাকা রেশনিং, ঢাকা/জেলা খাদ্য নিয়ন্ত্রক।
(৩)	খুচরা ব্যবসায়ী	১,০০০/- (এক হাজার)	৫০০/- (পাঁচশত)	নূতন লাইসেন্স ফী'র ২০%= ২০০/- (দুইশত)	সহকারী খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ রেশন [illegible]
(৪)	মেজর ও কম্প্যাক্ট ময়দাকল	২,০০০/- (দুই হাজার)	১,০০০/- (এক হাজার)	নূতন লাইসেন্স ফী'র ২০%= ৪০০/- (চারশত)	প্রধান নিয়ন্ত্রক ঢাকা রেশনিং ঢাকা/জেলা খাদ্য নিয়ন্ত্রক।
(৫)	রোলার ময়দাকল	১,০০০/- (এক হাজার)	৫০০/- (পাঁচশত)	নূতন লাইসেন্স ফী'র ২০%= ২০০/- (দুইশত)	প্রধান নিয়ন্ত্রক ঢাকা রেশনিং ঢাকা/জেলা খাদ্য নিয়ন্ত্রক।
(৬)	আটাচাক্কি	৬০০/- (ছয়শত)	৩০০/- (তিনশত)	নূতন লাইসেন্স ফী'র ২০%= ১২০/- (একশত বিশ)	সহকারী খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
(৭)	অটোমেটিক রাইস মিল	৫,০০০/- (পাঁচ হাজার)	২,৫০০/- (দুই হাজার পাঁচশত)	নূতন লাইসেন্স ফী'র ২০%= ১০০০/- (এক হাজার)	জেলা খাদ্য নিয়ন্ত্রক
(৮)	মেজর রাইস মিল	৪,০০০/- (চার হাজার)	২,০০০/- (দুই হাজার)	নূতন লাইসেন্স ফী'র ২০%= ৮০০/- (আটশত)	জেলা খাদ্য নিয়ন্ত্রক
(৯)	হাস্কিং রাইস মিল	১,০০০/- (এক হাজার)	৫০০/- (পাঁচশত)	নূতন লাইসেন্স ফী'র ২০%= ২০০/- (দুইশত)	জেলা খাদ্য নিয়ন্ত্রক
(১০)	ডিলার	৬০০/- (ছয়শত)	৩০০/- (তিনশত)	নূতন লাইসেন্স ফী'র ২০%= ১২০/- (একশত বিশ)	প্রধান নিয়ন্ত্রক ঢাকা রেশনিং, ঢাকা/জেলা খাদ্য নিয়ন্ত্রক।

২। উপরি-উক্ত ফি খাদ্য অধিদপ্তরের ৪৮৩১ খাতের আওতাধীন ১৮৫৪ নং উপখাতে জমা প্রদান করিতে হইবে।

৩। এই আদেশের অধীনে যে অর্থ বছরে লাইসেন্স প্রদান বা নবায়ন করা হইবে উহা শুধু উক্ত অর্থ বৎসরের ৩০ জুন পর্যন্ত বলবৎ থাকিবে।



রাষ্ট্রপতির আদেশক্রমে
বরুণ দেব মিত্র
সচিব।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৫, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়
খাদ্য বিভাগ
আদেশ
তারিখ, ২১ বৈশাখ ১৪১৮/৪ মে ২০১১

এস. আর. ও নং ১১৩-আইন/২০১১। Control of Essential Commodities Act, 1956 (Act No. 1 of 1956) এর section 3 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ শর্তাধীনে খাদ্যশস্য/খাদ্য সামগ্রীর (Foodstuffs) মজুদের পরিমাণ ও মেয়াদ নির্ধারণ করিল, যথা ঃ

শর্তাবলী

(১) সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ প্রদত্ত লাইসেন্স ব্যতিরেকে কোন ব্যবসায়ী ১ (এক) মেঃ টনের অধিক খাদ্যশস্য/ খাদ্য সামগ্রী তাহার অধিকারে বা নিয়ন্ত্রণে রাখিতে পারিবেন না।

(২) লাইসেন্সের শর্তাধীনে আমদানীকারক, পাইকারী ব্যবসায়ী, খুচরা ব্যবসায়ী ও চাল কল মালিক কর্তৃক খাদ্যশস্য/খাদ্য সামগ্রী মজুদের সর্বোচ্চ পরিমাণ ও মেয়াদ হইবে নিম্নরূপ, যথা ঃ

(৩৯৮৫)



৩৯৮৬ বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, মে ৫, ২০১১

ক। ব্যবসায়ী পর্যায় ঃ

ক্রমিক নং	খাদ্যশস্য/ খাদ্যসামগ্রীর নাম	পাইকারী বিক্রয় পর্যায়		খুচরা বিক্রয় পর্যায়		আমদানী পর্যায়	
		অনুমোদিত মজুদের পরিমাণ	অনুমোদিত মেয়াদ	অনুমোদিত মজুদের পরিমাণ	অনুমোদিত মেয়াদ	আমদানীকৃত পণ্যের মজুদ পরিমাণ	অনুমোদিত মেয়াদকাল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১।	চাল/ধান	সর্বোচ্চ ৩০০ (তিনশত) মেঃটন	৩০ (ত্রিশ) দিন	সর্বোচ্চ ১৫ (পনের) মেঃটন	১৫ (পনের) দিন	আমদানীকৃত পণ্যের ১০০ (একশত) ভাগ	৩০ (ত্রিশ) দিন
২।	গম/গমজাত দ্রব্য	সর্বোচ্চ ২০০ (দুইশত) মেঃটন	৩০ (ত্রিশ) দিন	সর্বোচ্চ ১০ (দশ) মেঃটন	১৫ (পনের) দিন		
৩।	চিনি (পরিশোধিত)	সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) মেঃটন	৩০ (ত্রিশ) দিন	সর্বোচ্চ ৫ (পাঁচ) মেঃটন	২০ (বিশ) দিন	৫০ (পঞ্চাশ) ভাগ	৪০ (চল্লিশ) দিন
৪।	ভোজ্য তেল ঃ					২৫ (পঁচিশ) ভাগ	৫০ (পঞ্চাশ) দিন
	(ক) সয়াবিন (পরিশোধিত)	সর্বোচ্চ ৩০ (ত্রিশ) মেঃটন	৩০ (ত্রিশ) দিন	সর্বোচ্চ ৫ (পাঁচ) মেঃটন	২০ (বিশ) দিন		
	(খ) পামওয়েল (পরিশোধিত)	সর্বোচ্চ ৩০ (ত্রিশ) মেঃটন	৩০ (ত্রিশ) দিন	সর্বোচ্চ ৫ (পাঁচ) মেঃটন	২০ (বিশ) দিন		
৫।	ডাল	সর্বোচ্চ ৪০ (চল্লিশ) মেঃটন	৩০ (ত্রিশ) দিন	সর্বোচ্চ ৫ (পাঁচ) মেঃটন	২০ (বিশ) দিন	২৫ (পঁচিশ) ভাগের কম যে কোন পরিমাণ	৬০ (ষাট) দিন

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, মে ৫, ২০১১ ৩৯৮৭

খ। চালকল মালিক পর্যায় ঃ

ক্রমিক নং	খাদ্যসামগ্রীর নাম	চালকলের ধরণ: অটোমেটিক		মেজর		হাসকিং	
		অনুমোদিত মজুদের পরিমাণ	অনুমোদিত মেয়াদ	অনুমোদিত মজুদের পরিমাণ	অনুমোদিত মেয়াদ	অনুমোদিত মজুদের পরিমাণ	অনুমোদিত মেয়াদ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১।	ধান	পাক্ষিক ছাটাই ক্ষমতার ৫ (পাঁচ) গুণ	৩০ (ত্রিশ) দিন	পাক্ষিক ছাটাই ক্ষমতার ৫ (পাঁচ) গুণ	৩০ (ত্রিশ) দিন	পাক্ষিক ছাটাই ক্ষমতার ৫ (পাঁচ) গুণ	৩০ (ত্রিশ) দিন
২।	চাল	পাক্ষিক ছাটাই ক্ষমতার ২ (দুই) গুণ	১৫ (পনের) দিন	পাক্ষিক ছাটাই ক্ষমতার ২ (দুই) গুণ	১৫ (পনের) দিন	সর্বোচ্চ ১০০ (একশত) মেঃটন	১৫ (পনের) দিন

গ। আটা/ ময়দাকল পর্যায় ঃ

ক্রমিক নং	খাদ্যসামগ্রীর নাম	আটা/ময়দাকলের ধরন: মেজর ও কমপ্যাক্ট আটা/ ময়দাকল		রোলার আটা/ ময়দাকল		আটাচাক্কি	
		অনুমোদিত মজুদের পরিমাণ	অনুমোদিত মেয়াদ	অনুমোদিত মজুদের পরিমাণ	অনুমোদিত মেয়াদ	অনুমোদিত মজুদের পরিমাণ	অনুমোদিত মেয়াদ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১।	গম	মাসিক পেষণ ক্ষমতার ২ (দুই) গুণ	৩০ (ত্রিশ) দিন	মাসিক পেষণ ক্ষমতার ২ (দুই) গুণ	৩০ (ত্রিশ) দিন	মাসিক পেষণ ক্ষমতার সমপরিমাণ	১৫ (পনের) দিন
২।	আটা/ময়দা গমজাত দ্রব্য	মাসিক পেষণ ক্ষমতার সমপরিমাণ	৩০ (ত্রিশ) দিন	মাসিক পেষণ ক্ষমতার সমপরিমাণ	৩০ (ত্রিশ) দিন	মাসিক পেষণ ক্ষমতার সমপরিমাণ	১৫ (পনের) দিন



৩৯৮৮ বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, মে ৫, ২০১১

(৩) আমদানীকারক বা পাইকারী বিক্রেতা উপরি-উক্ত দফা-(২) এ উল্লিখিত ছকে বর্ণিত অনুমোদিত মেয়াদের মধ্যে অনুমোদিত মজুদ তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে বিক্রয় করিতে না পারিলে অনুমোদিত মেয়াদ উত্তীর্ণ হইবার ৩ (তিন) দিনের মধ্যে বিষয়টি এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তাকে তদ্‌কর্তৃক নির্ধারিত ছক ও পদ্ধতিতে অবহিত করিবেন।

(৪) অনুমোদিত প্রত্যেক লাইসেন্সধারী ব্যবসায়ীকে খাদ্য সামগ্রী আমদানী, ক্রয়, মজুদ ও বিক্রয়ের হিসাব লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের নিকট নির্ধারিত "ছকে" পাক্ষিক ভিত্তিতে প্রতিবেদন দাখিল করিতে হইবে।

(৫) উপরি- উক্ত দফা (৩) এ উল্লিখিত কর্মকর্তা এবং দফা (৪) এ উল্লিখিত কর্তৃপক্ষ প্রতি মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে তদ্‌কর্তৃক প্রাপ্ত তথ্যাদি সম্পর্কিত প্রতিবেদন খাদ্য বিভাগ, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ে প্রেরণ করিবেন।

(৬) এই আদেশের উদ্দেশ্য পূরণকল্পে চাল, গম ও গমজাত দ্রব্যাদি ছাড়াও নিম্নবর্ণিত খাদ্য পণ্যকে সরকার এতদ্দ্বারা খাদ্য সামগ্রী (Foodstuffs) হিসাবে ঘোষণা করিল, যথা ঃ-

(ক) ভোজ্য তেল (সয়াবিন ও পামওয়েল);
(খ) চিনি;
(গ) ডাল।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
বরুণ দেব মিত্র
সচিব।

প্রচারে ঃ জেলা খাদ্য বিভাগ, নীলফামারী।

আইডিয়া বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমের চিত্র:

ছবি; সহজেই ফুডগ্রেইন লাইসেন্স পেয়ে বেজায় খুশী ডোমারের ক্ষুদ্র ব্যবসায়ী

ছবি; উন্নয়ন মেলায় (২০১৭ ও ২০১৮) ওয়ানস্টপ সার্ভিসের মাধ্যমে ব্যবসায়ীদের ফুডগ্রেইন লাইসেন্স প্রদান করা হচ্ছে

উদ্ভাবন ও বাস্তবায়নটিম:

	সদস্য/সদস্যদের নাম ও ঠিকানা
১.	কাজীসাইফুদ্দিন, জেলাখাদ্যনিয়ন্ত্রক, নীলফামারী।
২.	মোঃ মোফাচ্ছেল হোসেন, উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, ডোমার, নীলফামারী।
৩.	মোঃ রাশেদুল ইসলাম খন্দকার, খাদ্য পরিদর্শক ডোমার, নীলফামারী।
৪.	মোঃ সাইফুননবী, উপ-খাদ্যপরিদর্শক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নীলফামারী।
৫.	মোঃ শমশের আলী প্রধান, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নীলফামারী।

উদ্ভাবনী উদ্যোগ-১০

উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম; এসিআর ডিজিটালাইজেশন।

সমস্যার সংক্ষিপ্ত বিবরণ;

১. যথাসময়ে ACR অনুস্বাক্ষর বা প্রতি স্বাক্ষর না হওয়া।
২. ACR এর অবস্থান সম্পর্কে অনুবেদনাধীন কর্মকর্তার অজ্ঞতা।
৩. ACR যে কোন পর্যায়ে নষ্ট অথবা হারিয়ে যাওয়ার আশঙ্কা।
৪. সংরক্ষনকারী কর্তৃপক্ষ কর্তৃক ACR গ্রহণের বিষয়ে সংশ্লিষ্টদের নিকট তথ্যের অভাব।
৫. ACR সংশ্লিষ্ট তথ্যের অভাবে অনুবেদনাধীন কর্মকর্তার পদোন্নতি বা আর্থিক সুবিধা প্রাপ্তিতে বঞ্চনা।

সমাধান;

ক) সমাধান প্রক্রিয়ার বিবরণঃ

Online based ১টি Software তৈরি করা হবে, যেখানে বিদ্যমান ACR form এর সবগুলো field সন্নিবেশিত করা হবে।

খ) বিদ্যমান প্রসেস ম্যাপ

- অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক ডাক্তারের প্রতিবেদনসহ যথাসময়ে অনুস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট ACR দাখিল।
- অনুস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক অনুস্বাক্ষর পূর্বক প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট ACR প্রেরণ।
- প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষর পূর্বক সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট ACR প্রেরণ।
- ACR- এ বিরুপ মন্তব্য থাকলে সংরক্ষণকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুবেদনাধীন কর্মকর্তাকে বিরুপ মন্তব্যের বিষয়ে ব্যাখ্যা তলব, প্রাপ্ত ব্যাখ্যা সন্তোষজনক হলে বিরুপ মন্তব্য অপনোদন বা সন্তোষজনক না হলে অনুবেদনাধীন কর্মকর্তার ডোশিয়ারে বিষয়টি লিপিবদ্ধকরণ।

গ) প্রস্তাবিত প্রসেস ম্যাপঃ





কী ফলাফল তৈরি হবে?

ক) উপকারভোগীর সামাজিক অবস্থা এবং সংখ্যা
খ) টিসিভি;

	সময়	খরচ	যাতায়াত
আইডিয়া বাস্তবায়নের আগে	৩/৪ মাস	-	২বা ততোধিক বার
আইডিয়া বাস্তবায়নের পরে	২১ দিন	-	-
আইডিয়া বাস্তবায়নের ফলে সেবাগ্রহীতার প্রত্যাশিত বেনিফিট	২/৩ মাস	-	১ বার বা নাও লাগতে পারে

অন্যান্য সুবিধা; সেবা গ্রহীতার মানসিক স্বস্তি, পদোন্নতি ও অন্যান্য আর্থিক সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে নিশ্চয়তা এবং সংস্থাপন বিষয়াদির দ্রুত ও সুষ্ঠু ব্যবস্থাপনা সম্পন্ন ।

পাইলটের স্থান; খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বাস্তবায়ন কাল; ০১ (এক) বছর।

টিমসদস্য;

টিম লিডার	সদস্য-সচিব	সদস্য	সদস্য
আহমেদ ফয়সল ইমাম উপসচিব	মোঃ মোবারক হোসেন প্রোগ্রামার	জনাব মো: ইসমাইল মিয়া গবেষণা কর্মকর্তা	মোঃ মেহেদী হাসান সোহাগ গবেষণা কর্মকর্তা

প্রয়োজনীয় রিসোর্সঃ

প্রয়োজনীয় সম্পদ			কোথা হতে পাওয়া যাবে?
খাত	বিবরণ	প্রয়োজনীয় অর্থ	
জনবল	বিদ্যমান	প্রয়োজন নাই	
বস্তুগত	সফট্ওয়্যার	০৫-০৮ লক্ষ টাকা	মন্ত্রণালয় ও ভেন্ডর
অন্যান্য	প্রশিক্ষণ	০২ লক্ষ টাকা	ভেন্ডর ও আইসিটি সেল
প্রয়োজনীয় মোট অর্থ		০৭-১০ লক্ষ টাকা	

৯। কর্মপরিকল্পনাঃ

ক্রমিক নং	একটিভিটি	কে করবে?	Time											
			ডিসেম্বর	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল	মে	জুন	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর
১।	কর্তৃপক্ষের অনুমোদন	টিম	ডিসেম্বর-২০১৮											
২।	সফট্ওয়্যার স্পেসিফিকেশন	টিম		জানুয়ারী-২০১৯										
৩।	দরপত্র আহবান	মন্ত্রণালয়			ফ্রেব্রুয়ারি-২০১৯									
৪।	কার্যাদেশ প্রদান	ঐ				মার্চ-২০১৯								
৫।	খসড়া সফট্ওয়্যার প্রাপ্তি	টিম					এপ্রিল- জুন ২০১৯							
৬।	ট্রায়াল এন্ড এরর	ঐ								জুলাই- আগস্ট-১৯				
৭।	প্রশিক্ষণ	মন্ত্রণালয় ও টিম										সেপ্টেম্বর-১৯		
৮।	পাইলটিং												অক্টোবর- নভেম্বর/২০১৯	

মোঃ মোবারক হোসেন
প্রোগ্রামার
সদস্য সচিব

খাদ্য মন্ত্রণালয়ের ভবিষ্যত উদ্ভাবনী উদ্যোগসমূহ;

১. ই-গুদাম- ম্যানুয়াল পদ্ধিততে খাদ্য গুদামে খাদ্যশস্য প্রবেশ,সংরক্ষণ ও বাহিরের অনুমোদন
২. ফিংগার প্রিন্ট টেকনোলজি চালুকরন- এ খাদ্যশস্য বিতরণ
৩. শিক্ষার বিনিময়ে খাদ্য-ক্ষুধার্ত অবস্থায় শিক্ষা গ্রহণ করা অসচ্ছল ছাত্রছাত্রীর পক্ষে অসম্ভব । তাই খাদ্যের ব্যবস্থা করা অপরিহার্য ।
৪. টোল ফি (টেলিফোন নাম্বার) চালুকরন-খাদ্যের মান নিয়ন্ত্রণ ও খাদ্য সংরক্ষণ, নিরাপদ বিষয়ে অবহিতকরনসহ সচেতনতা বৃদ্ধি ।

খাদ্য অধিদপ্তরের ভবিষ্যত উদ্ভাবনী উদ্যোগসমূহ;

ক্রঃ নং	সেবার নাম	শিরোনাম
০১.	খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় কর্মসূচীর বিতরণ ব্যবস্থাপনা	“দৈনিক কাজ যেখানে, ওএমএস কেন্দ্র সেখানে”
০২.	খাদ্যবান্ধব কর্মসূচীর অভিযোগ ব্যবস্থাপনা	“উপকার ভোগীদের ফোরামে, অভিযোগ নিস্পত্তি হবে গেরামে”
০৩.	পাইকারী লাইসেন্স প্রদান	“অনলাইনের মাধ্যমে লাইসেন্স প্রাপ্তি”
০৪.	TR, GR, FFW এর মাধ্যমে খাদ্যশস্য বিলি বিতরণ	“অনলাইনের প্রকল্প চাই ,খাদ্যশস্যের নিশ্চয়তা পাই”
০৫.	দৈব চয়নের মাধ্যমে প্রকৃত কৃষকদের নিকট হতে ধান/গম সংগ্রহ	“প্রকৃত কৃষক নির্বাচন করি, হয়রানীমুক্ত সংগ্রহ করি”
০৬.	মিল থেকে চাল সংগ্রহ	“এসএমএস-এ তথ্য পাঠাই, মিলের চাল সহজে পাই”
০৭.	খাদ্যশস্য বিলি বিতরণ ব্যবস্থা	“সহজে বিলি আদেশ পাই, সময় খরচ দুই-ই বাচাই”
০৮.	খাদ্যবান্ধব কার্ডে কভার সংযোজন	সুরক্ষিত খাদ্যবান্ধব কার্ড।
০৯.	চাল সংগ্রহের চুক্তি সম্পাদন	উপজেলা চুক্তিপত্রে স্বাক্ষর করি, সময় ও অর্থ সাশ্রয় করি।
১০.	পুষ্টি ও নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতা বৃদ্ধি	পুষ্টিসমৃদ্ধ জাতি চাই, পুষ্টির কোন বিকল্প নাই।
১১.	ভি-ইনভয়েসের মাধ্যমে পন্য প্রেরণ/প্রাপ্তি	মোবাইল এ্যাপস এর মাধ্যমে খাদ্যশস্য পরিবহন, সংক্রান্ত তথ্য আদান প্রদান।
১২.	খাদ্যবান্ধব কর্মসূচীতে চাল বিতরণ	ভোক্তাদের দোরদোড়ায়, চাল পৌছেঁ দেয়া।
১৩.	খাদ্যবান্ধব কর্মসূচী	খাদ্যবান্ধব কর্মসূচীর উপকারভোগী যাচাই ও ডাটাবেজ সফটওয়্যার তৈরি।
১৪.	বেসরকারী খাদ্যশস্যের মজুদের তথ্য সংগ্রহ	বেসরকারী খাদ্যশস্য মজুদের সঠিক তথ্য নিশ্চিতকরণ।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ভবিষ্যত উদ্ভাবনী উদ্যোগসমূহ;

১. নিরাপদ খাদ্য বিষয়ে পরামর্শ প্রদান পদ্ধতি সহজীকরণ।
২. খাদ্য ব্যবসায়ী ও খাদ্য কর্মীদের অনলাইন প্রশিক্ষণ।
৩. বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অফিসিয়াল ইউটিউব চ্যানেল তৈরী।
৪. খাদ্যপণ্য বিক্রয়কেন্দ্রে তাপমাত্রা ডাটালগার ও ইলেকট্রনিক মনিটর স্থাপনের মাধ্যমে কুলিং-চেইন এর তাপমাত্রা পর্যবেক্ষণ।
৫. প্রাণিখাদ্যে মিট এন্ড বোন মিল (এমবিএম) এর বিকল্প হিসেবে ফিসমিল ও উদ্ভিদ আমিষের ব্যবহার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ওয়েবসাইট: www.mofood.gov.bd
ই-মেইল: info@mofood.gov.bd

নং-১৩.০০.০০০০.০২৫.৩১.০০৪.১০-৫২

তারিখঃ ০৪.০৬.২০১৩ খ্রিঃ

অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত নির্দেশনার প্রেক্ষিতে নিম্নরূপভাবে এ মন্ত্রণালয়ের ইনোভেশন টীম গঠন করা হলোঃ

১। অতিরিক্ত সচিব	চীফ ইনোভেশন অফিসার
২। উপসচিব (সমন্বয় ও সংসদ)	সদস্য
৩। সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১)	সদস্য
৪। সহকারী প্রোগ্রামার	সদস্য

২। কমিটির কার্যপরিধিঃ

(১) স্ব স্ব কার্যালয়ের সেবাপ্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;

(২) এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;

(৩) প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;

(৪) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয় সাধন; এবং

(৫) প্রতি বৎসর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন পণয়ন, উহা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং স্বীয় ওয়েবসাইটে প্রকাশ করা।

৪/৬/১৩
(মোঃ মোবারক হোসেন)
সহকারী প্রোগ্রামার
ফোনঃ ৯৫৪০১১৮
ই-মেইলঃ programmer@mofood.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। অতিরিক্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়।
২। উপসচিব (সমন্বয় ও সংসদ), খাদ্য মন্ত্রণালয়।
৩। বেগম সাবিহা পারভীন, উপসচিব, কম্পিউটার সেল, মন্ত্রিপরিষদ বিভাগ।
৪। সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১), খাদ্য মন্ত্রণালয়।
৫। সহকারী প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়।

খাদ্য মন্ত্রণালয়ের ইনোভেশন টীম

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশের আলোকে খাদ্য মন্ত্রণালয়ে নিম্নরূপ ইনোভেশন টীম গঠন করা হয়েছেঃ

১। অতিরিক্ত সচিব	-চীফ ইনোভেশন অফিসার
২। উপসচিব (সমন্বয় ও সংসদ)	-সদস্য
৩। সিনিয়র সহকারী প্রধান	-সদস্য
৪। সহকারী প্রোগ্রামার	-সদস্য

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কমিটির কার্যপরিধির সার-সংক্ষেপ নিম্নরূপঃ

- স্ব-স্ব কার্যালয়ের সেবা প্রদান ও কাজের প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন
- বাৎসরিক কর্ম-পরিকল্পনা গ্রহণ, অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন
- কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত পর্যালোচনা।
- বিভিন্ন পর্যায়ের ইনোভেশন টীমের সহিত যোগাযোগ ও সমন্বয়।

সচিব মহোদয়ের অধীনে খাদ্য মন্ত্রণালয়ের উইংসমূহ এবং উইং এর অধীনে অধিশাখা/শাখাসমূহ কার্য সম্পাদন করে থাকে। দীর্ঘ পরিক্রমায় এ মন্ত্রণালয়ে সেবা প্রদান ও অভ্যন্তরীণ কর্ম-প্রক্রিয়া অত্যন্ত সুষ্ঠুভাবে সম্পাদিত হচ্ছে বলেই আমার বিশ্বাস। এ ধারাবাহিকতার আরো উৎকর্ষ সাধন করা যেতে পারে।

মন্ত্রণালয়ের কার্যাবলী সম্পাদনের জন্য সকল অধিশাখা/শাখায় আইসিটি সরঞ্জামাদি সরবরাহ করা হয়েছে। প্রায় সকল কর্মকর্তার জন্য ডোমেইন ভিত্তিক e-mail account খোলা হয়েছে। আইসিটি সরঞ্জমাদি সচল রাখার জন্য আইসিটি শাখাকে সদা তৎপর থাকতে হয়।

কার্য সম্পাদনের ক্ষেত্রে আইসিটি'র সর্বোচ্চ ব্যবহার এবং কাজের গুনগতমানের উৎকর্ষ সাধনের জন্য নিম্নলিখিত বিষয়াবলীর উপর উপস্থিত সকলের গঠনমূলক মতামত ও উদ্ভাবণীমূলক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে পরামর্শ প্রত্যাশা করা হচ্ছে।

১. স্ব-স্ব শাখায় কাজের গুণগত উৎকর্ষ সাধনে সমস্যা ও সম্ভাব্য সমাধান
২. আইসিটি সরঞ্জমাদি ও Technology'র সর্বোচ্চ ব্যবহারে সমস্যা ও সমাধানের উপায়
৩. কাজের গতিশীলতা বৃদ্ধিতে আইসিটি প্রয়োগের ক্ষেত্র চিহ্নিত করণ
৪. আইসিটি প্রয়োগের সক্ষমতা ও কাঙ্খিত প্রশিক্ষণ চিহ্নিতকরণ
৫. সম্পাদিত কাজের তথ্যাবলী নিজ নিজ তথ্যভান্ডারে (আইসিটি) সংরক্ষণ ও ব্যবহার
৬. e-file management এর ব্যবহার ও প্রয়োগ
৭. অন্যান্য যে কোন ক্ষেত্রে উৎকর্ষ সাধনের জন্য সুনির্দ্দিষ্ট প্রস্তাব

উপরোক্ত বিষয়ে সকলের মতামত পাওয়া গেলে একটি সুনির্দ্দিষ্ট পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা সহজতর হবে মর্মে আশা করা যায়।

২০১৩ সালের ইনোভেশন কার্যক্রমের প্রতিবেদনঃ

খাদ্য মন্ত্রণালয়ের ০৪/০৬/১৩ তারিখের ৫৩ নং পত্র এবং মন্ত্রিপরিষদ বিভাগের ২০/০৫/১৩ তারিখের ২৭ নং পত্র ও ০৮/০৪/১৩ তারিখের ১৮ নং প্রজ্ঞাপনের মর্মার্থ অনুযায়ী ০৫/০৬/১৩ তারিখের খাদ্য অধিদপ্তরের ০৫ (পাঁচ) জন কর্মকর্তার সমন্বয়ে ইনোভেশন টিম গঠন করা হয়।

খাদ্য অধিদপ্তর কর্তৃক ইনোভেশন কাজের অংশ হিসেবে ইতোপূর্বে খাদ্য ব্যবস্থাপনাকে সহজিকরণ ও স্বচ্ছতা আনয়নের জন্য তথ্য প্রযুক্তি ব্যবহারের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। Asian Development Bank (ADB) এর আর্থিক সহায়তায় টাংগাইল জেলার সকল উপজেলা অফিস এবং এল,এস,ডিসমূহকে Virtual Private Network (VPN) এর আওতায় নিয়ে তথ্য প্রযুক্তি কার্যক্রম শুরু হয়। ফলশ্রুতিতে খাদ্য ব্যবস্থাপনায় তথ্য প্রযুক্তি ব্যবহারের সুযোগ সৃষ্টি হয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ের A2I কর্তৃক ০২ (দুই) সদস্যবিশিষ্ট একটি কমিটি উক্ত পরীক্ষামূলক কার্যক্রম সম্পর্কে মতামত প্রদান করেন। তাদের মতামতের ভিত্তিতে উক্ত পরীক্ষামূলক কার্যক্রমকে সম্প্রসারন করে দেশব্যাপী খাদ্য অধিদপ্তরের সকল কার্যালয়কে তথ্য প্রযুক্তির আওতায় আনয়নের জন্য উদ্যোগ নেয়া হয় এবং World Bank এর আর্থিক সহায়তায় Modern Food Storage Facilities Project এর আওতায় প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির অংশ হিসেবে খাদ্য ব্যবস্থাপনা কার্যক্রমসমূহকে তথ্য প্রযুক্তি নির্ভর করার উদ্যোগ নেয়া হয়। উক্ত প্রকল্পটি গত ১১/০৩/২০১৪ তারিখে ECNEC সভায় অনুমোদিত হয়েছে।

Modern Food Storage Facilities Project এর আওতায় খাদ্য ব্যবস্থাপনা সুদৃঢ় ও তথ্য প্রযুক্তি নির্ভর করার লক্ষ্যে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হবেঃ-

১। খাদ্য অধিদপ্তরের সকল কার্যালয়ে কম্পিউটার/ল্যাপটপ স্থাপন।

২। সকল কার্যালয়ের মধ্যে Network স্থাপন।

৩। তথ্য প্রযুক্তি ব্যবহার উপযোগী প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষিত জনবল গড়ে তোলা।

৪। খাদ্য ব্যবস্থাপনার কার্যক্রমসমূহকে Software -এ রূপান্তর করা এবং দ্রুত সেবা নিশ্চিত করা।

৫। দ্রুততম সময়ের মধ্যে তথ্য ব্যবস্থাপনা নিশ্চিত করা।

শেখ জাকির হোসেন
পরিচালক
পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

Government of the People's Republic of Bangladesh
Prime Minister's Office
Access to Information (a2i) Programme

সচিবের দপ্তর
খাদ্য মন্ত্রণালয়

আধা-সরকারি পত্র নং-০৩.৮০৬.০০৪.০০.০০.০৪৪.২০১৪(অংশ)-৩২৯

বিষয়ঃ <u>নেস বাস্তবায়ন, ইনোভেশন প্রশিক্ষণ, ইনোভেশন ফান্ড কার্যকর করণ এবং ই-সেবা কার্যক্রমসমূহ পরিদর্শন।</u>

প্রিয় সচিব,

আপনি অবহিত আছেন যে, বর্তমান সরকার ঘোষিত রূপকল্প-২০২১ অনুসারে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের Access to Information (a2i) প্রকল্প কম খরচে, স্বল্প সময়ে এবং বিনা ভোগান্তিতে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে ৫ হাজার এরও বেশি ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনভিত্তিক তথ্য ও সেবা কেন্দ্র বিভিন্ন পর্যায়ে প্রায় ২৫,০০০ ওয়েবসাইট সংবলিত পোর্টাল, এবং ৬৪টি জেলা প্রশাসকের কার্যালয়ে ন্যাশনাল ই-সার্ভিস সিস্টেম বা নেস স্থাপন।

২। **<u>নেস বাস্তবায়নঃ</u>** সম্প্রতি প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে নেস চালু হয়েছে। এই ধারাবাহিকতায় অন্যান্য মন্ত্রণালয়ে নেস বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এর পূর্বশর্ত হিসাবে আপনার দপ্তরে ক) উচ্চগতির ইন্টারনেট সংযোগ (ন্যূনতম ৪ এমবিপিএস), খ) প্রয়োজনীয় হার্ডওয়্যার সংগ্রহ ও সকল কম্পিউটার LAN-এর আওতায় আনয়ন, গ) প্রশাসনিক কর্মকর্তা থেকে মাননীয় মন্ত্রী পর্যন্ত সকলের কম্পিউটার ব্যবহারের দক্ষতা, এবং ঘ) ১-২ জন কর্মকর্তাকে মন্ত্রণালয়ের কারিগরি সেবাডেস্ক -এর দায়িত্ব অর্পণ নিশ্চিত করতে অনুরোধ করছি। প্রাথমিকভাবে একটি শাখায় নেস কার্যক্রম শুরু করে অভিজ্ঞতা অর্জন করে পর্যায়ক্রমে পুরো মন্ত্রণালয়ে এবং পরবর্তীতে মন্ত্রণালয়ের অধীন সকল অধিদপ্তর/সংস্থাতে তা সম্প্রসারিত করা যেতে পারে। প্রতিটি মন্ত্রণালয়ে ৩-৫ জন কর্মকর্তাকে এটুআই থেকে নেস -এর প্রশিক্ষক প্রশিক্ষণ দেয়া হবে।

৩। **<u>ইনোভেশন টিমঃ</u>** সরকারি সেবাকে আরও জনমুখী করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রণীত ইনোভেশন টিম প্রজ্ঞাপন অনুসরণ করে সকল মন্ত্রণালয়, অধিদপ্তর, জেলা ও উপজেলায় ইনোভেশন টিম গঠন করা হয়েছে। এটুআই কর্তৃক ইতোমধ্যে মন্ত্রণালায়, দপ্তর ও মাঠ পর্যায়ের সকল ইনোভেশন টিমের প্রাথমিক ওরিয়েন্টেশন সম্পন্ন হয়েছে। পরবর্তী প্রশিক্ষণ কর্মসূচির বাস্তবায়ন মে ২০১৪ থেকে শুরু হবে। প্রশিক্ষণে যথোপযুক্ত কর্মকর্তা মনোনয়ন এবং প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় সমন্বয়ের কাজে আপনার সহায়তা আবশ্যক।

৪। **<u>ইনোভেশন ফান্ডঃ</u>** সরকারি ও বেসরকারি সংস্থার সৃজনশীল এবং সেবামুখী উদ্যোগকে উৎসাহিত করার জন্য এটুআই প্রকল্পে ইনোভেশন ফান্ড থেকে অনুদান প্রদান করা হচ্ছে। তবে লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ আবেদন সেবাকে জনমুখী করার চেয়ে দপ্তরের অভ্যন্তরীণ অটোমেশনে বেশি জোর দিচ্ছে। আপনার মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের সেবাকে আরও জনমুখী করার বিষয়ে এবং তা স্থানীয় সরকার প্রতিষ্ঠানে স্থাপিত তথ্য ও সেবা কেন্দ্র থেকে প্রদান করার সৃজনশীল উদ্যোগ গ্রহণে এটুআই প্রকল্পের সহায়তা পেতে প্রকল্প পরিচালককে জানাতে পারেন।

৫। **<u>নাগরিক তথ্যঃ</u>** সরকারের বিভিন্ন দপ্তরসমূহ নাগরিকগণের তথ্যভান্ডার বিভিন্ন কাঠামোয় তৈরি ও সংরক্ষণ করার ফলে সরকারের ভেতরে প্রয়োজনীয় তথ্য শেয়ারিং ব্যাহত হচ্ছে এবং অনেক ক্ষেত্রে ব্যয়বহুল দ্বৈততা সৃষ্টি হচ্ছে। এ সমস্যা সমাধানে আপনার মন্ত্রণালয়ে এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থায় নাগরিকগণের তথ্যভান্ডার মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রণীত নাগরিকের মৌলিক উপাত্ত কাঠামো (Citizen Core Data Structure, CCDS - মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট দ্রষ্টব্য) অনুসরণ করে তৈরি এবং সংরক্ষণ করতে হবে।

৬। **<u>মাঠ পরিদর্শনঃ</u>** আপনি এবং আপনার অধস্তন কর্মকর্তাগণ দাপ্তরিক কার্যোপলক্ষে মাঠ পর্যায়ের দপ্তর/উদ্যোগসমূহ পরিদর্শনকালে এটুআই প্রকল্পের উল্লিখিত উদ্যোগসমূহ পরিদর্শন করলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যেমন উৎসাহিত হবেন তেমনি গৃহীত কার্যক্রমসমূহেও গতিশীলতার সঞ্চার হবে বলে আমার বিশ্বাস। পরিদর্শন কেন্দ্রের একটি তালিকা ও একটি নির্দেশিকা এটুআই প্রকল্প হতে পৌঁছে দেওয়া হবে।

৭। বর্ণিতাবস্থায়, আপনার মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহে উপরি-উক্ত বিষয়সমূহ বাস্তবায়নের সমন্বিত পরিকল্পনা গ্রহণের জন্য অনুরোধ করছি। আপনার আন্তরিক প্রচেষ্টা ও ব্যক্তিগত উদ্যোগ সরকারের জনকল্যাণমুখী এ কার্যক্রম বাস্তবায়নে অগ্রণী ভূমিকা রাখবে নিশ্চিত।

একান্তভাবে আপনার,

(মোঃ আবুল কালাম আজাদ)
সিনিয়র সচিব

বেগম মুশফেকা ইকফাৎ
সচিব
খাদ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন

ঢাকা

পত্র সংখ্যা ০৩.০৭১.০১৮.০৩.০০.০০২.২০১৪-২১৪(৫)/৪

তারিখ ১৬ ভদ্র ১৪২১ / ৩১ আগস্ট ২০১৪

বিষয় ঃ <u>ইনোভেশন সেল (খাদ্য মন্ত্রণালয়) গঠন</u>।

খাদ্য মন্ত্রণালয়ের নতুন নতুন ধারণা উদ্ভাবন, বিভিন্ন ধরণের চ্যালেঞ্জ মোকাবেলা এবং নতুন ইস্যুর বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীকে সার্বক্ষণিক অবহিত রাখার লক্ষ্যে নিম্নলিখিতভাবে ইনোভেশন সেল গঠন করা হলোঃ

১।	মহাপরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়	-	আহ্বায়ক
২।	অতিরিক্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়	-	সদস্য
৩।	সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১), খাদ্য মন্ত্রণালয়	-	সদস্য
৪।	সহকারী প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়	-	সদস্য
৫।	পরিচালক-৪, প্রধানমন্ত্রীর কার্যালয়	-	সদস্য-সচিব

০২। <u>ইনোভেশন সেল এর কার্যপরিধিঃ</u>

ক) প্রতি মাসে অন্ততঃ একটি সভা অনুষ্ঠিত হবে;
খ) মন্ত্রণালয় সংশ্লিষ্ট নতুন নতুন উদ্ভাবনী ধারণা প্রণয়ন এবং বাস্তবায়ন কৌশল উপস্থাপন;
গ) মন্ত্রণালয়ের বিভিন্ন সমস্যা (চ্যালেঞ্জ) মোকাবিলা/করণীয় সম্পর্কে ধারণা পত্র প্রস্তুত এবং উপস্থাপন;
ঘ) প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করা যাবে।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ আশরাফ উদ্দিন)
পরিচালক
ফোনঃ ৯১৩৬৭৫০
মেইলঃ dir4@pmo.gov.bd

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ</u>

১। মহাপরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১), খাদ্য মন্ত্রণালয়।
৪। সহকারী প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক-৪, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ</u>

১. পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

খাদ্য অধিদপ্তরের কর্মপদ্ধতি সহজিকরণে সৃজনশীল কর্মপদ্ধতি উদ্ভাবন করতঃ তা বাস্তবায়নের জন্য বিভিন্ন বিভাগ/শাখার সাথে ইনোভেশন টিমের আলোচনার মাধ্যমে গৃহীত সুপারিশনামাঃ

চসসা বিভাগ

১। পরিবহন ঠিকাদার নিয়োগে তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে হবে যাতে করে দ্রুত ও সহজ উপায়ে ঠিকাদার নিয়োগ কার্যক্রম স্বচ্ছতার ভিত্তিতে সম্পন্ন করা যেতে পারে।

২। চলাচল সূচী দ্রুত ঠিকাদারের নিকট প্রেরণের জন্য e-mail এর ব্যবহার উৎসাহিত করতে হবে। এ ক্ষেত্রে Mobile Apps এর ব্যবহার করা যায় কি'না সে বিষয়ে সমীক্ষা কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

৩। সরকারি খাদ্য শস্য পরিবহনে সাশ্রয়ী পরিবহন মাধ্যম ব্যবহার উৎসাহিত করা যেতে পারে। রেল, নৌ ও সড়ক পথকে প্রকৃতির সাথে সামঞ্জস্য রেখে এবং ঝুঁকি এড়িয়ে খাদ্য শস্য পরিবহনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। উল্লেখ্য সরকারি পরিবহন হিসেবে রেল সবচেয়ে সাশ্রয়ী ও নির্ভরযোগ্য মাধ্যম।

৪। সরকারী খাদ্য শস্য পরিবহনে রেল বিভাগের ওয়াগন, লোকোমটিভ, Hopper ইত্যাদি বৃদ্ধির জন্য জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

৫। যে সকল খাদ্য গুদামে রেল পথের সংযোগ রয়েছে সেখানে দীর্ঘদিন রেলপথ সংস্কার না করায় ক্রমেই ব্যবহার অনুপোযুক্ত হয়ে পড়ছে। এ সকল রেলপথ জরুরীভিত্তিতে সংস্কার করে ব্যবহার উপযোগী করণ।

৬। খাদ্য শস্য পরিবহনে রেল বিভাগের সক্ষমতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট রেল বিভাগের বাজেট বৃদ্ধিসহ প্রয়োজনীয় উদ্যোগ নেয়া প্রয়োজন।

৭। পরিবহন খরচ হ্রাস ও সংগ্রহ বৃদ্ধির লক্ষ্যে সিলেট বিভাগে আধুনিক রাইস মিল প্রতিষ্ঠা ও আধুনিক মজুদ ব্যবস্থার উন্নয়ন করা যেতে পারে। সেইসাথে সিলেটে আধুনিক রাইচ মিল প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় সরকারী সংযোগিতা প্রদানও প্রয়োজন।

সংগ্রহ বিভাগ

১। উন্নত চাল প্রস্তুতে আধুনিক ও উন্নত কারিগরী প্রযুক্তি ব্যবহার করে চাল সংগ্রহের লক্ষ্যে অটোমেটিক চাল কল প্রতিষ্ঠায় সরকারি প্রণোদনা প্রয়োজন। তাহলে প্রচলিত হাস্কিং মিলে চাল প্রস্তুতে যে অপচয় হয় তা রোধ করা সম্ভব।

২। সংগ্রহ কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে নগদ টাকা প্রদানের পরিবর্তে মিলের হিসাবে টাকা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। যাতে করে প্রকৃত মিলার হতে চাল সংগ্রহ করা যায় এবং কোনরূপ ব্যাত্যয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়।

৩। যে সকল জেলার খাদ্য গুদামে অধিক সংগ্রহ হয় সেখানে সংগ্রহকালীন সময়ে শ্রমিক সংকট দেখা দেয়। বিশেষকরে সংগ্রহ মৌসুমে বিপুল পরিমান সংগৃহীত চাল অন্যত্র প্রেরণে খাদ্য বিভাগের শ্রম ঠিকাদার কর্তৃক খামাল হতে বস্তা ট্রাকে উঠা ও নামানোর কাজ করতে হয়; যা দূরুহ, সময়সাপেক্ষ এবং ব্যয়বহুল। তাই লোডিং এবং আনলোডিং এবং ওজন প্রক্রিয়ায় গুদামে ওয়েব্রীজ ও Fork Lifter ব্যবহার করে এসকল সমস্যার সমাধানকল্পে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। যা দীর্ঘমেয়াদে Cost Effective হবে বলে আশা করা যায়।

৪। অভ্যন্তরীণ সংগ্রহে চালকল মালিক ও কৃষকদের ডাটাবেজ তৈরী করে যুগোপযোগী পারস্পরিক যোগাযোগ ব্যবস্থা করা যেতে পারে।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ইনোভেশন টিমের ''নিরাপদ পথ খাবার চালু'' উদ্ভাবনী উদ্যোগটির বাস্তবায়নোত্তর অগ্রগতির প্রতিবেদন

পরিদর্শনের মাস: অক্টোবর, ২০১৮

ক্রমিক নং	বিক্রেতাদের নাম	বিক্রয়ের স্থান	বিক্রিত খাবারের নাম	ব্যবহৃত পানির ব্যবস্থা	ব্যবহৃত সরঞ্জামাদির পরিষ্কারের ব্যবস্থা	বিক্রেতার পোষাক	উচ্ছিষ্টাংশ রাখার ব্যবস্থা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১	মোঃ আব্দুল খালেক	সচিবালয় লিংক রোড	পাকা পেপে, আনারস	জারের পানি ফিল্টার করে ব্যবহার করছেন (পিউর ইট)	জারের পানি ব্যবহার করা হচ্ছে	এ্যাপ্রোন, ক্যাপ, মাস্ক ব্যবহার করা হচ্ছে	ডাস্টবিন ব্যবহার করা হচ্ছে	* সকল খাদ্য নিরাপদ খাদ্য বিক্রয় করছেন * পূর্বের তুলনায় বিক্রয় বেড়েছে।
২	মোঃ বাদশা মিয়া	গুলিস্থান জিরো পয়েন্ট	পাকা পেপে, সরবত	জারের পানি ফিল্টার করে ব্যবহার করছেন (পিউর ইট)	জারের পানি ব্যবহার করা হচ্ছে	এ্যাপ্রোন, ক্যাপ, মাস্ক ব্যবহার করা হচ্ছে	ডাস্টবিন ঢাকনাসহ ব্যবহার করা হচ্ছে	* সকল খাদ্য নিরাপদ খাদ্য বিক্রয় করছেন * পূর্বের তুলনায় বিক্রয় বেড়েছে।
৩	মোঃ কামাল হোসেন	ওসমানী উদ্যানের সম্মুখভাগ	সিংগারা, ফলের জুস	জারের পানি ফিল্টার করে ব্যবহার করছেন (পিউর ইট)	জারের পানি ব্যবহার করা হচ্ছে	এ্যাপ্রোন, ক্যাপ, মাস্ক ব্যবহার করা হচ্ছে	ডাস্টবিন ঢাকনাসহ ব্যবহার করা হচ্ছে	* সকল খাদ্য নিরাপদ খাদ্য বিক্রয় করছেন * পূর্বের তুলনায় বিক্রয় বেড়েছে।

অনিমা রানী বিশ্বাস
উপসচিব
খাদ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ৮, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ চৈত্র ১৪১৯/০৮ এপ্রিল ২০১৩

নং ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮—জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিকসেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সরকার প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে চিফ ইনোভেশন অফিসার এবং সংস্থা/জেলা/উপজেলা পর্যায়ে ইনোভেশন অফিসারের নেতৃত্বে একটি করিয়া ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। বর্তমানে বিদ্যমান আইসিটি ফোকাল পয়েন্ট-এর পদনাম মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে চিফ ইনোভেশন অফিসার এবং অধিদপ্তর/সংস্থা/জেলা/উপজেলা পর্যায়ে ইনোভেশন অফিসার হিসাবে পরিবর্তিত হইবে।

২ ইনোভেশন টিমের গঠন:

মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়	চিফ ইনোভেশন অফিসার	- অতিরিক্ত সচিব/যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তা;
	সদস্য	- মনোনীত কর্মকর্তা ৩-৫ জন (ন্যূনতম ০১ জন করিয়া কর্মকর্তা আইসিটি ও পরিকল্পনা অনুবিভাগ/ অধিশাখা/শাখা হইতে মনোনীত হইবেন)।
		মন্ত্রণালয়/বিভাগে বর্তমানে বিদ্যমান ওয়ার্ক ইমপ্রুভমেন্ট টিম (Work Improvement Team/ WIT) ইনোভেশন টিম হিসাবে রূপান্তরিত হইবে এবং WIT-প্রধান চিফ ইনোভেশন অফিসার হিসাবে মনোনীত হইবেন।

মূল্য ঃ টাকা ৪.০০

৫। **চিফ ইনোভেশন/ইনোভেশন অফিসারের দায়িত্ব ও কার্যাবলি:**

(১) স্ব স্ব কার্যালয়ের ইনোভেশন টিমের নেতৃত্ব প্রদান;

(২) পরিবর্তনের রূপকার হিসাবে স্বীয় কার্যালয়ে সেবা প্রদান ও অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি ও ক্ষেত্র গড়িয়া তোলা, আইসিটি ও সকল উদ্ভাবনী কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজকর্মে উদ্ভাবনকে উৎসাহিত করা, প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিম-সদস্যগণের কর্মস্পৃহার বিকাশসাধন এবং উদ্ভাবনী মেলার প্রতিযোগিতায় অংশগ্রহণ;

(৩) নাগরিকসেবা সহজীকরণ (service process simplification)-এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন;

(৪) স্বীয় কার্যালয়ের সম্ভাব্য সকল সেবাকে ই-সেবায় রূপান্তরে সমন্বয়কের দায়িত্ব পালন এবং ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধতিতে আদান-প্রদানের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিতকরণ;

(৫) স্ব স্ব কার্যালয়ের যাবতীয় তথ্যাবলির সন্নিবেশ করিয়া প্রতিষ্ঠানের প্রোফাইল তৈরি ও হালনাগাদ রাখার ব্যবস্থা গ্রহণ এবং কার্যালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;

(৬) জাতীয় আইসিটি নীতিমালায় বর্ণিত ICT Action Plan-এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;

(৭) স্ব স্ব কার্যালয়ের আইসিটি কার্যক্রমের বাজেট তৈরি, প্রকল্প গ্রহণ, অর্থায়নের ব্যবস্থা গ্রহণ, কার্যক্রম পর্যবেক্ষণ, অগ্রগতি মূল্যায়ন এবং মাসিক সমন্বয়সভায় উপস্থাপন;

(৮) তথ্য অধিকার আইন অনুসারে স্ব স্ব কার্যালয়ের নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সহিত সমন্বয়সাধন; এবং

(৯) জাতীয় ই-জিফ (eGIF: e-Governance Interoperability Framework)-এর আওতায় আইসিটি কার্যক্রমকে আদর্শমানে আনয়ন (standardization) ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ।

৬। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এই প্রজ্ঞাপনের আলোকে ইনোভেশন টিম গঠনপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করিবেন এবং টিমকে যথাযথ সহযোগিতা প্রদান করিবেন।

৭। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজরুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রসওবা)।

ড. মোঃ আলী আকবর (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mofood.gov.bd

নং-১৩.০০ ০০০০.০৪৪.৩২.০০৬.১৭.৪১৫ (ক) তারিখঃ ০২ অক্টোবর, ২০১৭ খ্রি.

অফিস আদেশ

খাদ্য মন্ত্রণালয়ের ইনোভেশন টিম নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলোঃ

১। জনাব সালমা মমতাজ, যুগ্মসচিব	চীফ ইনোভেশন অফিসার
২। জনাব আবুল কালাম আজাদ, উপসচিব	সদস্য
৩। জনাব মোহাম্মদ হেলাল উদ্দিন, [illegible] সিনি. সহ. সচিব	সদস্য
৪। জনাব মোহাম্মদ আবু নাসের বেগ, সিনিয়র সহকারী সচিব	সদস্য
৫। জনাব মোহাম্মদ আবু কাউছার, সিনিয়র সহকারী প্রধান	সদস্য
৬। জনাব মোঃ মোবারক হোসেন, প্রোগ্রামার	সদস্য
৭। জনাব মোহাম্মদ ইসমাইল মিয়া, গবেষণা কর্মকর্তা	সদস্য
৮। জনাব মুহাম্মদ মাহবুবুর রহমান, সিনিয়র সহকারী সচিব	সদস্য সচিব

কমিটির কার্যপরিধিঃ

(১) স্ব স্ব কার্যালয়ে সেবাপ্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ পক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;
(২) এই সংক্রান্ত কার্যক্রম বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;
(৩) প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
(৪) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয় সাধন; এবং
(৫) প্রতি বৎসর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গবাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, উহা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং স্বীয় ওয়েবসাইটে প্রকাশ করা ।

(মুহাম্মদ মাহবুবুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
☏ ৯৫৪০১৫৬
Email: sasep@mofood.gov.bd

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ (দৃঃ আঃ উপসচিব, কম্পিউটার সেল)
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), খাদ্য মন্ত্রণালয়।
৩। চেয়ারম্যান, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৪। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আঃ গণি রোড, ঢাকা।
৫। যুগ্মসচিব (বাজেট ও অডিট), খাদ্য মন্ত্রণালয়।
৬। যুগ্মসচিব (প্রশাসন-১), খাদ্য মন্ত্রণালয়।
৭। জনাব সালমা মমতাজ, যুগ্মসচিব (প্রশাসন) খাদ্য মন্ত্রণালয়।
৮। জনাব আবুল কালাম আজাদ, উপসচিব, খাদ্য মন্ত্রণালয়।
৯। জনাব মোহাম্মদ হেলাল উদ্দিন, উপসচিব, খাদ্য মন্ত্রণালয়।
১০। জনাব মোহাম্মদ আবু নাসের বেগ, সিনিয়র সহকারী সচিব, খাদ্য মন্ত্রণালয়।
১১। জনাব মোহাম্মদ আবু কাউছার, সিনিয়র সহকারী প্রধান, খাদ্য মন্ত্রণালয়।
১২। জনাব মোহাম্মদ ইসমাইল মিয়া, গবেষণা কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়।

C:\Users\Meherunnesa\Desktop\Innovation\innovation letter 2017.docx